গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
এস্টাবলিশমেন্ট অব ১৬০টি উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) Phase-II

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০৫.৩৫.০৪৮.২০১৮/২৫৬

তারিখ: ০৪ পৌষ ১৪২৮ / ১৯ ডিসেম্বর ২০২১

বিষয়: "এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) Phase-II" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তাবায়ন কমিটির (PIC) সভার কার্যবিবরণী প্রেরণ।

ব্যানবেইস এর আওতায় বাস্তবায়নাধীন "এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) Phase-II" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তাবায়ন কমিটির এক সভা কমিটির সভাপতি মহাপরিচালক, ব্যানবেইস মহোদয়ের সভাপতিত্বে ১৩/১২/২০২১ তারিখ ব্যানবেইসের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংলগ্নী: বর্ণনামতে (২ পাতা)।

মোঃ মোফাখখারুল ইসলাম
সিনিয়র সিস্টেম এনালিস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও
উপপ্রকল্প পরিচালক, UITRCE Phase-II প্রকল্প
ই-মেইল: ssa@moedu.gov.bd
মোবাইল: ০১৫৫২৩৪৩৯৭৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

(১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, শেরে বাংলা নগর, ঢাকা।
(২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ:আ: জনাব আবদুল কাদের, উপসচিব, এশিয়া অধিশাখা-২)।
(৩) সদস্য আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ:আ: জনাব নাজিয়া ইসলাম, উপসচিব, আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন)।
(৪) মহাপরিচালক (শিক্ষা ও সামাজিক), বাস্তবায়ন পরিবিক্ষিণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ:আ: জনাব সোনিয়া বিনতে তাবিব, উপসচিব, বাস্তবায়ন পরিবিক্ষিণ ও মূল্যায়ন বিভাগ)।
(৫) যুগ্ম-প্রধান, এনইসি-একনেক এবং সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (দৃ:আ: জনাব নিশাত জাহান, উপপ্রধান (উপসচিব), একনেক উইং পরিকল্পনা বিভাগ)।
(৬) যুগ্মপ্রধান, কার্যক্রম বিভাগ (আর্থসামাজিক অনুবিভাগ), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ:আ: জনাব মো: মকুবল হোসেন, গবেষণা কর্মকর্তা, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন)।
(৭) উপসচিব (পরিকল্পনা অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(৮) উপসচিব (উন্নয়ন-৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(৯) উপসচিব (বাজেট-২ শাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১০) উপসচিব (পরিকল্পনা শাখা-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(১১) ইঞ্জিনিয়ার আবুল হাসেম, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:**

(১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(২) মহাপরিচালক, ব্যানবেইস।
(৩) Project Manager, Taihan Consortium.
(৪) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
এস্টাবলিশমেন্ট অব ১৬০টি উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) Phase-II

**বিষয়: "এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) Phase-II" শীর্ষক প্রকল্পের ১৩/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | হাবিবুর রহমান<br>মহাপরিচালক, ব্যানবেইস |
| সভার তারিখ | : | ১৩ ডিসেম্বর ২০২১ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | সভা কক্ষ, ব্যাসবেইস |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

২। সভাপতি, প্রকল্প পরিচালক, UITRCE Phase-II প্রকল্প ও মহাপরিচালক, ব্যানবেইস উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে অবহিত করেন "এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) Phase-II" প্রকল্পটি কোরিয়ান এক্সিম ব্যাংকের সহায়তায় ব্যানবেইস কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। তিনি আরও জানান বর্তমান সরকারের ভিশন ২০২১ ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে ইউআইটিআরসিই ফেজ-I প্রকল্পে ১২৫ টি উপজেলায় আইসিটি ট্রেনিং এন্ড রির্সোস সেন্টার স্থাপন করা হয়েছে। যে সকল সেন্টারে বর্তমানে শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। কোভিড-১৯ এর কারণে প্রকল্পের বাস্তব কার্যক্রম আরম্ভ করতে কিছুটা বিলম্ব হয়েছে। তিনি প্রকল্পের উপপ্রকল্প পরিচালককে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৩। উপপ্রকল্প পরিচালক জনাব মোঃ মোফাখখারুল ইসলাম প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি, উদ্দেশ্য, মূল অংগসমূহ, আর্থিক ও বাস্তব অগ্রগতি, বাস্তবায়ন চ্যালেঞ্জ ও প্রস্তাবনা পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন প্রকল্পটি জুলাই ২০১৭ হতে এপ্রিল ২০২২ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৮৪৫৪২.৫৬ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি-২৫২৪৫.৪০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৫৯২৯৭.১৬ লক্ষ টাকা। প্রকল্প সাহায্যের পরিমান ইডিসিএফ কোরিয়ান এক্সিম ব্যাংকের লোন এর আওতায় ৭৬.০২ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পের মূল অংগসমূহের আওতায় ১৬০ টি উপজেলায় চারতলা ভিত্তিসহ দুইতলা ভবন নির্মাণ, আইসিটি ল্যাব এবং সাইবার সেন্টার স্থাপন, ই-লার্নিং সিস্টেম উন্নয়ন, ইএমআইএস আপগ্রেডেশন এবং দেশে বিদেশে প্রশিক্ষণ কার্যক্রম রয়েছে। তিনি অবহিত করেন যে, প্রকল্পের শুরু থেকে ৩০ নভেম্বর ২০২১ পর্যন্ত মোট ১৬২৫২.৯৯ (১৯.২৩%) লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার মধ্যে জিওবি ৯১১.৪৬ (৩.৬১%) লক্ষ টাকা এবং ডিপিএ ১৫৩৪১.৫৩ (২৫.৭৮%) লক্ষ টাকা। প্রকল্পের বাস্তব অগ্রগতি বিষয়ে উপপ্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, ১৬০ টি উপজেলায় জমি নির্বাচন করে মাটি পরিক্ষার কাজ সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের কোরিয়ান পরামর্শক প্রতিষ্ঠান ডিসেম্বর ২০১৮ সালে নিয়োগ করা হয়েছে। ইতোমধ্যে কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানী Taihan Consortium এর সঙ্গে ০৭/০৯/২০২১ তারিখ চুক্তি স্বাক্ষর করা হয়েছে। চুক্তি মোতাবেক উক্ত কোম্পানীকে ৩০% অগ্রিম বিল কোরিয়া এক্সিম ব্যাংক হতে প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে কার্যক্রম আরম্ভ করার লক্ষে মহাপরিচালক, ব্যানবেইস এর সভাপতিত্বে পরামর্শক প্রতিষ্ঠান DB Inc. এবং কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানী Taihan Consortium এর প্রতিনিধিদের সঙ্গে ইতোমধ্যে ৩ (তিন)টি সভা করা হয়েছে। ১৬০ টি উপজেলায় ভবন নির্মাণের জন্য সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের সাথে সভা আয়োজন করে প্রকিউরমেন্ট কোম্পানীকে ভবন নির্মাণের কাজ আরম্ভ করার লক্ষ্যে জমি হস্তান্তর এবং প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানানো এবং এ সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে প্রকিউরমেন্ট কোম্পানী হতে কয়েকটি টিম গঠন করে উপজেলা পর্যায়ে নির্বাচিত জমি/স্থানের বাস্তব অবস্থা পরিদর্শনের কাজ করছে। এপর্যন্ত ১১৯ টি উপজেলায় পরিদর্শন কাজ সমাপ্ত হয়েছে। যার মধ্যে ১০১ টি স্থানে ভবন নির্মাণের জন্য প্রস্তুত রয়েছে মর্মে মতামত প্রদান করেছে। অবশিষ্ট ১৮ স্থানের মধ্যে উপজেলা প্রশাসন কর্তৃক পুনঃস্থান নির্বাচনের কার্যক্রম/ প্রতিবন্ধকতা দূরীকরণের কার্যক্রম অব্যাহত রয়েছে।

উপ প্রকল্প পরিচালক আরও জানান প্রকল্পের চ্যালেঞ্জ এর মধ্যে কয়েকটি উপজেলায় পূর্বে নির্বাচিত জমি/স্থান নিয়ে সমস্যা রয়েছে। এছাড়া তিনি জানান ডিপিপিতে প্রতিটি উপজেলায় ৬ জন করে ৯৬০ জন শিক্ষককে ৩০ দিনের TOT প্রশিক্ষণের

সংস্থান রয়েছে। উক্ত প্রশিক্ষণ ব্যানবেইস এর কম্পিউটার ল্যাবে অনুষ্ঠিত হবে। এ প্রকল্পের আওতায় Learning Management System (LMS) তৈরির কাজ প্রাথমিক অবস্থায় রয়েছে। LMS তৈরির পর TOT প্রশিক্ষণ আরম্ভ করতে হবে। প্রশিক্ষণ কার্যক্রম ৩০ দিনের পরিবর্তে ১৫ দিন না হলে প্রলম্ব মেয়াদে TOT প্রশিক্ষণ সম্পন্ন করা সম্ভব হবে না। উল্লেখ যে, TOT প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষকগণ মাঠ পর্যায়ে ১৮০,০০০ শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করবেন। প্রকল্প মেয়াদ ২১ এপ্রিল ২০২২ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। ঋণ চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে ২১ এপ্রিল ২০২৩ পর্যন্ত। কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানীর সাথে চুক্তি মোতাবেক তাদের কার্যক্রম সমাপ্তির জন্য ৭ জুলাই ২০২৩ পর্যন্ত নির্ধারন করা আছে। সার্বিক বিষয় বিবেচনায় প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা আবশ্যক।

৪। পরিকল্পনা কমিশনের আর্থ সামাজিক অবকাঠামো বিভাগের উপপ্রধান (উপসচিব) জনাব নাজিয়া ইসলাম উল্লেখ করেন যে, মাস্টার ট্রেইনারদের ৩০ দিনের প্রশিক্ষণ ১৫ দিন করা হলে সেটা প্রশিক্ষকদের জন্য যথেষ্ঠ হবে কিনা তা বিবেচনা করা দরকার। প্রশিক্ষণের মেয়াদ কত দিন হবে তা নির্ভর করবে প্রশিক্ষণের মডিউলের উপর। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে তিনি উল্লেখ করেন মেয়াদ বৃদ্ধির উপযুক্ত ব্যাখ্যা দিয়ে বিষয়টি প্রকল্প স্টেয়ারিং কমিটিতে উপস্থাপন করা প্রয়োজন। তিনি প্রকল্পের PIC সভা নিয়মিত আয়োজনের জন্য অভিমত ব্যক্ত করেন।

৫। বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর সিনিয়র সিস্টেম এনালিস্ট উল্লেখ করেন যে মাস্টার ট্রেইনার প্রশিক্ষণের জন্য প্রকল্পের আওতায় ১৬০টি উপজেলার প্রতিটি হতে ৬জন করে প্রশিক্ষণার্থী অনলাইনে পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।

৬। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব জনাব মোল্লা মোহাম্মদ আনিসুজ্জামান বলেন প্রকল্পের মেয়াদ জুন ২০২১ পর্যন্ত থাকায় আইএমইডি এবং ইআরডি-এর সুপারিশের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ২১ এপ্রিল ২০২২ পর্যন্ত প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের সকল অঙ্গসমূহের বাস্তবায়নের স্বার্থে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুপারিশ করা যেতে পারে।

৭। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব জনাব মোঃ জহুরুল ইসলাম TOT প্রশিক্ষণের জন্য মডিউল প্রস্তুত করে প্রশিক্ষণের মোট ঘন্টা ও দিন নির্ধারণ করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। প্রকল্প বাস্তবায়নের বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে দেখা যায় প্রকিউরমেন্ট কোম্পানীর কাজ শেষ করার মেয়াদ ০৭/০৭/২০২৩ তারিখ পর্যন্ত। ভবন নির্মাণ কাজ শেষ করার পর ঐসব সেন্টারে শিক্ষকদের প্রশিক্ষণ আয়োজন করা হবে। এক্ষেত্রে জুন ২০২৪ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধি যুক্তিসংগত হবে।

৮। একনেক উইং এর উপপ্রধান (উপসচিব) জনাব নিশাত জাহান প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে একমত পোষণ করেন।

৯। সভাপতি উল্লেখ করেন কোভিড-১৯ পরিস্থিতি এবং কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানী নিয়োগ কার্যক্রম পরিচালনাকালে অপর একটি কোম্পানী CPTU এর রিভিউ প্যানেলে অভিযোগ দাখিল এবং হাইকোর্টে রিট পিটিশন দাখিল করায় কোম্পানী নিয়োগে কিছুটা বিলম্ব হয়। বর্তমানে কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানী নিয়োগ কার্যক্রম সম্পন্নের পর প্রকল্পের বাস্তব কার্যক্রম আরম্ভ করা হয়েছে। তিনি প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

১০। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৯.১ প্রকল্পের মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত বৃদ্ধির সুপারিশ করা হয়;
৯.২ মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ ৩০ দিনের পরিবর্তে ১৫ দিন করার বিষয়ে প্রথমে প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করা যেতে পারে;
৯.৩ নিয়মিতভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা আহ্বান করতে হবে;
৯.৪ সভার সিদ্ধান্তসমূহে প্রকল্প স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে।

১১। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১২/২১

হাবিবুর রহমান
মহাপরিচলাক, ব্যানবেইস